মেহেরপুরে বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত

শিক্ষার মানোন্নয়ন এবং শিক্ষার্থীদের সুশিক্ষায় শিক্ষিত করে মেহেরপুরকে এগিয়ে নিতে শিক্ষকদের প্রতি আহ্বান জানিয়েছেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান।

বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে মেহেরপুরে আয়োজিত এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ আহ্বান জানান।

আলোচনা সভায় শিক্ষক-শিক্ষিকারা উপস্থিত ছিলেন। এ সময় শিক্ষার মানোন্নয়ন, শিক্ষকদের ভূমিকা এবং শিক্ষার্থীদের ভবিষ্যৎ গঠনে শিক্ষকদের দায়িত্ব নিয়ে আলোচনা হয়।

কোটচাঁদপুরে বিশ্ব শিক্ষক দিবস পালিত

শিক্ষকতা পেশাঃ মিলিত প্রচেষ্টার দীপ্তি এই স্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে কোটচাঁদপুরে বিশ্ব শিক্ষক দিবস পালিত হয়েছে। এ উপলক্ষ্যে গতকাল রবিবার র্যালি ও আলোচনা সভার আয়োজন করেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস।

জানা যায়, সারা দেশের ন্যায় কোটচাঁদপুরেও বিশ্ব শিক্ষক দিবস পালিত হয়েছে। দিবসটি পালনে সকালে উপজেলা চত্বর থেকে র্যালি বের করা হয়। এরপর র্যালিটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে উপজেলায় এসে শেষ হয়। পরে অনুষ্ঠিত হয় শিক্ষক দিবসের উপর আলোচনা সভা।

সভায় সভাপতিত্ব করেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার অশোক কুমার। আলোচনা সভায় বক্তব্য রাখেন, খন্দকার মোশারফ হোসেন কলেজের প্রভাষক রফিকুল আলম, কোটাচঁদপুর পৌর মহিলা কলেজে ভার প্রাপ্ত অধ্যক্ষ শহিদুজ্জামান তুহিন,প্রাথমিক সহকারী শিক্ষা অফিসার মিঠুন কুমার দাস, বলাবারিয়া মাদ্রাসা সুপার জহুরুল ইসলাম,

বড়বাহনদা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক বাবুল জোদ্দার, খালিশপুর মাদ্রাসার শিক্ষক আবুল কালাম আজাদ।

উপজেলা মাধ্যমিক একাডেমী সুপারভাইজার ফারুক হোসেনের সঞ্চালনায় বক্তারা বলেন, শিক্ষকদের হাতেই গড়ে ওঠে জাতির ভবিষ্যৎ। তাই তাদের মর্যাদা রক্ষা ও দক্ষতা উন্নয়নে সবাইকে একযোগে কাজ করতে হবে। প্রযুক্তিনির্ভর যুগে শিক্ষকদের দায়িত্ব আরও বেড়েছে। শিক্ষার্থীদের জ্ঞান ও মানবিকতায় গড়ে তোলাই এখন মূল লক্ষ্য। তাই শিক্ষার্থীদের জ্ঞান, নৈতিকতা ও মানবিকতায় গড়ে তুলতে প্রতিটি শিক্ষককে এগিয়ে আসার আহ্বান জানান শিক্ষকরা।

মেহেরপুরে বিশ্ব শিক্ষক দিবস পালিত

বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে মেহেরপুরে আলোচনা সভা ও বর্ণাঢ্য র্যালি অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার সকালে জেলা প্রশাসন ও জেলা শিক্ষা অফিসের উদ্যোগে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ তরিকুল ইসলাম। সভা সঞ্চালনা করেন মেহেরপুর সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও একাডেমিক সুপারভাইজার আনোয়ার হোসেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ভারপ্রাপ্ত জেলা শিক্ষা অফিসার আব্দুর রহিম।

এ বছরের প্রতিপাদ্য ছিল “শিক্ষকতা পেশা: মিলিত প্রচেষ্টায় দীপ্ত।” প্রতিপাদ্যকে কেন্দ্র করে আলোচনায় অংশ নেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) প্রদীপ চন্দ্র শীল, সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম, মেহেরপুর সরকারি মহিলা কলেজের উপাধ্যক্ষ প্রফেসর আব্দুল্লাহ আল আমিন, আমঝুপি আলিম মাদ্রাসার সুপার মাহবুবুল আলম, আহমদ আলী টেকনিক্যাল অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজের অধ্যক্ষ শাহী উদ্দিন, সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার তৌহিদুল ইসলাম, কামদেবপুর মাধ্যমিক

বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইসরাইল হোসেন, সহকারী শিক্ষক দিলরুবা পারভিন, এবং মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজের প্রকৌশলী মোহাম্মদ শফিউদ্দিন প্রমুখ।

আলোচনা শেষে জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের মধ্যে শুভেচ্ছা উপহার প্রদান করা হয়।

উপহারপ্রাপ্তদের মধ্যে ছিলেন মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. নজরুল কবীর, মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজের চিফ ইনস্ট্রাক্টর প্রকৌশলী শফিউদ্দিন, মুজিবনগর সরকারি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজের প্রশিক্ষক টিপু সুলতান, আমঝুপি মাধ্যমিক বালক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ফয়জুল কবীর, আমঝুপি আলিম মাদ্রাসার অধ্যক্ষ মাহবুব-উল আলম, সহকারী শিক্ষক দিলরুবা পারভীন, মানিকনগর ডি.এস. আমিনিয়া আলিম মাদ্রাসার শিক্ষক শামীমা আক্তার, ভবানীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আমিনুর রহমান, এবং ইছাখালী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক জিমিনি খাতুন।

এর আগে সকালে বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে এক বর্ণাঢ্য র্যালি বের করা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক মোঃ তরিকুল ইসলামের নেতৃত্বে র্যালিটি জেলা প্রশাসকের কার্যালয় চত্বর থেকে শুরু হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে শেষ হয়।

শিক্ষক দিবসেও ১০ম গ্রেড বাস্তবায়নের দাবিতে ঝিনাইদহে মানববন্ধন

বিশ্ব শিক্ষক দিবসেও সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের ১০ম গ্রেড বাস্তবায়নের দাবীতে ঝিনাইদহে মানববন্ধন ও স্মারকলিপি প্রদান করা হয়েছে।

বৈরী আবহাওয়া উপেক্ষা করে আজ শনিবার (৫ অক্টোবর) বিশ্ব শিক্ষক

দিবসে শহরের কেন্দ্রীয় শহীদ মিনার চত্বরে জেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকবৃন্দের ব্যানারে এ মানববন্ধন কর্মসূচী পালিত হয়।

এতে ব্যানার ফেস্টুন নিয়ে জেলা ও উপজেলার বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরা অংশ নেয়। সেসময় সহকারী শিক্ষক মোহাম্মদ আবু মাসুদ, মোহাম্মদ আলী, নজরুল ইসলাম, আলম পারভেজ, আজাদ হোসেনসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা, ন্যায্যতা ও যোগ্যতার ভিত্তিতে প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের ১০ম গ্রেড বাস্তবায়নে সরকারের প্রধান উপদেষ্টার প্রতি আহ্বান জানান। দাবী মানা না হলে কঠোর কর্মসূচীর হুশিয়ারি দেন।

কোটচাঁদপুরে জাতীয় শিক্ষক দিবস পালন

ঝিনাইদহের কোটচাঁদপুরে জাতীয় শিক্ষক দিবস পালিত হয়েছে। এ উপলক্ষে বৃহস্পতিবার সকালে স্থানীয় কোটচাঁদপুর বালিকা বিদ্যালয়ে র্যালি ও আলোচনা সভা করা হয়।
আলোচনা সভায় সভাপতিত্ব করেন,বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইসাহক আলী।
প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির অভিভাবক সদস্য মোমেন আল আরাফাত। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিল প্রাক্তন শিক্ষক আব্দুর রশিদ, শিক্ষিকা লতিফা খানম।
এ ছাড়া উপস্থিত ছিলেন, অভিভাবক সদস্য সাংবাদিক মোঃ মঈন উদ্দিন খান, মফিজুল ইসলাম,প্রভাষক মোঃ সাইফুর রহমান,সহকারি প্রধান শিক্ষক এস এম হুমায়ুন কবির।এসময় বক্তরা তাদের বক্তব্যে বলেন, শিক্ষকতা মহান এক পেশা।
শিক্ষকরা হলেন একটি মোমবাতির মত যারা নিজে প্রজ্বলিত হয়ে ছাত্র-ছাত্রীদের আলো প্রদান করেন। একজন মানুষকে প্রকৃত মানুষ হিসেবে গড়ে তুলার জন্য পরিবারের পরেই সমাজের সবচেয়ে দায়িত্ববান এবং গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন শিক্ষকরা। শিক্ষকরা হলেন মানুষ গড়ার কারিগর।অনুষ্ঠানটি সঞ্চালনা করেন নবম শ্রেণীর বিজ্ঞান শাখার

ছাত্রী তাহমিদ ইসফার।
এ সময় অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন অত্র বিদ্যালয়ে সহকারি শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষার্থীবৃন্দ।

চুয়াডাঙ্গায় বিভিন্ন আয়োজনের মধ্যে দিয়ে শিক্ষক দিবস পালিত

শিক্ষকের হাত ধরেই শিক্ষা ব্যবস্থার রুপান্তর শুরু’ এই প্রতিপাদ্য কে নিয়েই আজ বৃহস্পতিবার (২৭ অক্টোবর) বিভিন্ন আয়োজনের মধ্যে দিয়ে চুয়াডাঙ্গায় শিক্ষক দিবস পালন করা হয়েছে।

দিবসটি পালন উপলক্ষে সকাল দশটার সময় চুয়াডাঙ্গা সরকারি কলেজ চত্বর থেকে একটি র্যালি বাহির হয়ে চুয়াডাঙ্গা বড় বাজার হাসান চত্বর থেকে কবরী রোড হয়ে আবার কলেজে এসে র্যালিটি শেষ হয়।

চুয়াডাঙ্গা জেলা শিক্ষা অফিসার আতাউর রহমান এঁর নেতৃত্বে র্যালিতে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. এ কে এম সাইফুর রশিদ, চুয়াডাঙ্গা সরকারি কলেজের উপাধ্যক্ষ প্রফেসর রেজাউল করিম, চুয়াডাঙ্গা সরকারি কলেজের শিক্ষক পরিষদের সম্পাদক মোঃ সফিকুল ইসলাম, চুয়াডাঙ্গা সরকারি আদর্শ মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর মোঃআজিজুর রহমান,চুয়াডাঙ্গা পৌর ডিগ্রি কলেজের অধ্যক্ষ সহ চুয়াডাঙ্গা জেলার বিভিন্ন সরকারি ও বে-সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষকসহ সহকারী শিক্ষক বৃন্দ উক্ত র্যালিতে উপস্থিত ছিলেন।

এ সময় বক্তারা বলেন, শিক্ষাই জাতির মেরুদণ্ড আর শিক্ষকরা হচ্ছেন জাতি গড়ার কারিগর। শিক্ষকরা আদর্শ মানুষ এবং সমৃদ্ধ জাতি গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছেন। এ সময় তারা আরও বলেন যেহতু শিক্ষক জাতি গঠনের কারিগর তাই সকল শিক্ষক কে নৈতিক চর্চা ও মানবিক কাজ বেশি অবদান রাখতে হবে এবং সকল শিক্ষার্থী যেন শুশিক্ষাই শিক্ষিত হতে পারে সেদিন বিশেষ ভালে লক্ষ রাখতে হবে।

নানা আয়োজনে গাংনীতে শিক্ষক দিবস পালিত

“শক্ষকদের হাত ধরেই শিক্ষা ব্যবস্থার রুপান্তর শুরু প্রতিপাদ্য” নিয়ে বর্ণাঢ্য শোভাযাত্রা ও আলোচনা সভার মধ্য দিয়ে গাংনীতে শিক্ষক দিবস পালিত হয়েছে।

দিবসটি বৃহস্পতিবার (২৭ অক্টোবর) সকাল সাড়ে ১০টার সময় গাংনী উপজেলা শহীদ মিনার পাদদেশ থেকে একটি বর্ণাঢ্য শোভাযাত্রা বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে এসে শেষ হয়। পরে উপজেলা পরিষদ চত্বরে সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভায় বক্তব্য রাখেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাসার, গাংনী সরকারি ডিগ্রী কলেজের অধ্যক্ষ মনিরুল ইসলাম, করমদী ডিগ্রী কলেজের অধ্যক্ষ এমদাদ হোসেন, হাড়াভাঙ্গা ডিএস সিনিয়র ফাজিল মাদ্রাসার অধ্যক্ষ আব্দুর রাজ্জাক, বাঁশবাড়িয়া টেকনিকেল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজের অধ্যক্ষ আবুল কালাম আযাদ স্বপন, তেরাইল জোড়পুকুরিয়া ডিগ্রী কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মাসুমুল হক মিন্টু, গাংনী পাইলট সরকারি ম্যাধমি বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আশরাফুজ্জামান লালু, উপজেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত) শাজাহান রেজা, উপজেলা সহকারি মাধ্যমিক শিক্ষা অফিসার মনিরুল ইসলাম, লুৎফুন্নেছা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সৈয়দ জাকির হোসেন, জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হাসান আল নুরানী, হিজলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরুজ্জামান মনি, চিৎলা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রফিকুল ইসলাম, করমদী ডিগ্রী কলেজের প্রভাষক আবু সাদাদ মোহাম্মদ সায়েম পল্টু, গাংনী পাইলট স্কুল এন্ড কলেজের প্রধান শিক্ষক আফজাল হোসেন, বাশবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আলিমুজ্জামান, গাংনী পৌর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোমিনুজ্জামান, রাইপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মিজানুর রহমান মিজান, বিডি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক এনামুল ইসলাম, এনপি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরুল ইসলাম, চেংগাড়া সিএফএম মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আল

হেলাল, এসএআর বি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইনামুল ইসলাম, বাঁশবাড়িয়া দক্ষিণপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক এমদাদুল হক মিন্টু, শিশিরপাড়া প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল মান্নান, ভাটপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক তৌহিদুল ইসলাম কাকন, চেংগাড়া প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রাশিদুল ইসলামসহ বিভিন্ন প্রাথমিক, মাধ্যমিক, কলেজ, মাদ্রাসার শিক্ষক ও শিক্ষার্থীরা র্যালিতে অংশ নেন।

মেহেরপুরে শিক্ষক দিবসে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত

বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভার মধ্য দিয়ে মেহেরপুরে জাতীয় শিক্ষক দিবস পালিত হয়েছে।

দিবসটি উপলক্ষে বৃহস্পতিবার সকালে মেহেরপুর শহীদ শামসুজ্জোহা পার্ক থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের হয়ে মেহেরপুর সরকারি কলেজ পর্যন্ত গিয়ে শেষ হয়।

দিবসটি উপলক্ষে মেহেরপুর সরকারি কলেজ কনফারেন্স রুমে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর শফিউল ইসলাম সরদার।

শিক্ষক দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা করেন বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের মেহেরপুর জেলা শাখার সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক, মেহেরপুর সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর রফিকুল ইসলাম, মেহেরপুর সরকারী কলেজের উপাধ্যাক্ষ প্রফেসর আব্দুর রাজ্জাক, জেলা শিক্ষা অফিসার মাহফুজুল হোসেন, সদর উপজেলা শিক্ষা অফিসার আনোয়ার হোসেন, মেহেরপুর সরকারি কলেজের শিক্ষক পরিষদের সম্পাদক সহকারী অধ্যাপক কাবিল উদ্দীন, মুক্তিযোদ্ধা আহাম্মদ আলী টেকনিক্যাল এন্ড বিএম কলেজের হিসাববিজ্ঞান বিভাগের প্রভাষক রফিকুল আলম বকুল, আর আর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আশরাফুজ্জামান, আশরাফপুর দারুল সুন্নাত মাদ্রাসার শিক্ষক বরকতুল্লাহ, শালিকা প্রাথমিক বিদ্যালয়ের সহকারী

শিক্ষক নুরুল ইসলামসহ বিভিন্ন সরকারি ও বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসার অধ্যক্ষ, সুপার ও শিক্ষকগণ উপস্থিত ছিলেন।

উপস্থাপনায় ছিলেন, মেহেরপুর সরকারি কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক আব্দুল্লাহ আল আমিন ধুমকেতু ও বিএম সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক আতিয়া খন্দকার।